Subject - 2nd language Bengali
Class –VII
Answer Key

**গদ্য:- 'যুগ প্রবর্তক রামমোহন' - বিপিনচন্দ্র পাল**

**১। অর্থ :-**

ক) শুরু
খ) উন্মুক্ত
গ) নতুন
ঘ) অছিলায়
ঙ) বন্ধ করা
চ) আয়ত্ত করা
ছ) সৃষ্টিকারী
জ) সামনে
ঝ) জাতিভেদ প্রথা
ঞ) বাধা

**২। সন্ধি বিচ্ছেদ :-**

ক) স্ব + অধীন
খ) প্রতি + অক্ষ
গ) সম্ + কৃত
ঘ) দায় + অধিকার
ঙ) স্বত্ব + অধিকার
চ) শাসন + অধীনে
ছ) সম্ + অন্বিত

**৩। বিপরীত শব্দ :-**

ক) পরাধীনতা
খ) নবীন
গ) মূর্খ

ঘ) অসমর্থ

ঙ) অপ্রস্তুত

চ) সম্ভব

ছ) বৃহৎ

জ) পুরাতন

ঝ) নিরাশা।

**৪। বাক্য রচনা :-**

ক) অজুহাত - আমার ভাই পড়ার সময় খেলতে যাওয়ার জন্য নানা অজুহাত দেখায়।

খ) বিশাল - আমাদের বাড়ির পাশে একটি বিশাল বড়ো আমগাছ আছে।

গ) আধিপত্য - প্রায় দুশো বছর আগে আমাদের দেশ ভারতবর্ষে ইংরেজদের আধিপত্য ছিল।

ঘ) বৈষম্য - প্রাচীনকালে ভারতে নানা ধর্মের মানুষের মধ্যে বর্ণ বৈষম্য ছিল।

ঙ) প্রতিষ্ঠা - রানি রাসমণি দক্ষিণেশ্বর মন্দির প্রতিষ্ঠা করেছিলেন।

চ) কল্পনা - আমি কল্পনা করে একটি গ্রামের ছবি এঁকেছিলাম।

ছ) দুর্ঘটনা - আমি বিদ্যালয় থেকে বাড়ি ফেরার সময় রাস্তায় একটি গাড়ি দুর্ঘটনা দেখেছিলাম।

জ) স্বীকার - আমি কোনো ভুল করলে সেই ভুল স্বীকার করি।

**৫। শূন্যস্থান পূরণঃ-**

ক) নবযুগের

গ) ব্রাহ্মসভা

ঙ) যুগপ্রবর্তক

**৬।অতি- সংক্ষিপ্ত উত্তরঃ-**

ক) নবযুগের যুগপ্রবর্তক রাজা রামমোহন রায়- কে বলা হয়।

খ) কৃষকরা যাতে নিজের চাষের জমির উপর সম্পূর্ণ অধিকার পায় সেই অনুরোধ রামমোহন কৃষকদের জন্য পার্লামেন্টে করেছিলেন।

গ) ভারতবর্ষে একটা বিরাট জাতীয় একতা প্রতিষ্ঠার জন্য রামমোহন ব্রাহ্মসভার প্রতিষ্ঠা করেছিলেন।

**৭। সংক্ষিপ্ত উত্তরঃ-**

ক) রামমোহন প্রাচীন হিন্দুশাস্ত্র সংস্কৃত থেকে বাংলায় অনুবাদ করেন কারণ প্রাচীনকালে বেদাদি প্রাচীন হিন্দুশাস্ত্র সংস্কৃতেই আবদ্ধ ছিল। তাই পন্ডিত লোক ছাড়া আর কেউ এই শাস্ত্রের জ্ঞান লাভ করতে পারতেন না। সকল শাস্ত্র যাতে সকল লোকে পড়তে ও বুঝতে পারে তার জন্য রাজা রামমোহন রায় প্রাচীন হিন্দুশাস্ত্র সংস্কৃত থেকে বাংলায় অনুবাদ করেন। এইভাবে বাংলায় হিন্দু সাধারণের স্বাধীন চিন্তা জাগিয়ে তারা যাতে বুঝে শুনে বিচার করে শাস্ত্রের অর্থ ধারণা করে ধর্মসাধনে সমর্থ হয়, রাজা রামমোহন রায় তার পথ প্রশস্ত করে দেন।

খ) উপনিষদের বাংলা অনুবাদ করে রাজা রামমোহন রায় বাংলাদেশে বাঙালি হিন্দু সমাজে এক অভিনব চিন্তার খাত প্রস্তুত করেছিলেন। আবার নতুন করে ভগীরথের মতন বাঙালির মুক্তির কামনায় এক অভিনব গঙ্গা তিনি ডেকে এনেছিলেন।

গ) রাজা রামমোহন রায় হিন্দু ধর্মের একজন পালক ও সংস্কারক ছিলেন। ভারতের জনগণের মধ্যে ধর্ম ও আচারগত ভেদ এবং বিরোধের সব বাধাকে দূরে সরিয়ে এই সকল ভেদের ভিতর দিয়ে ভারতবর্ষে একটা বিরাট জাতীয় একতা প্রতিষ্ঠা করার আশাতেই রাজা রামমোহন রায় ব্রাহ্মসভার প্রতিষ্ঠা করেছিলেন। এইভাবে রাজা রামমোহন রায় ভারতের নতুন জাতীয় জীবনের সূত্রপাত করেছিলেন।